

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৯১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمُسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

## আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دخل الْكَعْبَة وَأُسَامَة بن زيد وبلال وَعُثْمَان بن طَلْحَة الحَجبي فَأَغْلَقَهَا عَلَيْهِ وَمَكَثَ فِيهَا فَسَأَلْتُ بِلَالًا حِينَ خَرَجَ مَاذَا صَنَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: جعل عمودا عَن يَسَارِهِ وَعَمُودَيْنِ عَنْ يَمِينِهِ وَثَلَاثَةَ أَعْمِدَةٍ وَرَاءَهُ وَكَانَ الْبَيْتُ يَوْمَئِذٍ عَلَى سِتَّةٍ أَعْمِدَةٍ ثُمَّ صلى

## বাংলা

৬৯১-[৩] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মক্কা বিজয়ের দিন রস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম নিজে ও উসামাহ্ ইবনু যায়দ, 'উসমান ইবনু ত্বলহাহ্ (রাঃ) আল হাজাবী ও বিলাল ইবনু রাবাহ্ (রাঃ)কা'বায় প্রবেশ করলেন। এরপর বিলাল (রাঃ)অথবা 'উসমান (রাঃ) ভিতর থেকে (ভীড় হবার ভয়ে) দরজা বন্ধ করে দিলেন। তারা কিছুক্ষণ ভিতরে রইলেন। ভিতর থেকে বের হয়ে এলে আমি বিলালকে জিজ্ঞেস করলাম, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কা'বার ভিতরে কি করলেন? উত্তরে বিলাল (রাঃ)বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ভিতরে প্রবেশ করে একটি স্তম্ভ বামে, দু'টি ডানে, আর তিনটি পিছনে রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন। সে সময় খানায়ে কা'বার ছয়টি স্তম্ভ বা খিলানের উপর প্রতিষ্ঠিত ছিল (এখন তিনটি স্তম্ভের উপর)। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫০৫, মুসলিম ১৩২৯, আবূ দাউদ ২০২৩, নাসায়ী ৭৪৯, সহীহ ইবনু খুয়াইমাহ্ ৩২০৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন